আল্লাহ আদাম আলাইহিস সালামকে সৃষ্টি করে বললেন: তুমি যাও। বসে থাকা ফিরিশতাদের ঐ দলটিকে সালাম দাও এবং তারা সালামের কী জবাব দেয় তা মনোযোগ সহকারে শোন? কারণ এটাই তোমার ও তোমার বংশধরের সম্ভাষণ। তাই তিনি বললেন: ‘আস্সালামু আলাইকুম’। তারা জবাবে বললেন: ‘আস্সালামু আলাইকা ওয়া রাহমাতুল্লাহ। তারা তাঁর জবাবে ‘ওয়া রাহমাতুল্লাহ’ বাক্যটি বাড়িয়ে বললেন।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মারফূ হিসেবে বর্ণিত, আল্লাহ আদাম আলাইহিস সালামকে সৃষ্টি করে বললেন: তুমি যাও। বসে থাকা ফিরিশতাদের ঐ দলটিকে সালাম দাও। তারা
কি উত্তর দেয় তা তুমি মনোযোগসহ শোন। কারণ এটাই হবে তোমার ও তোমার বংশধরের সম্ভাষণ। তাই তিনি গিয়ে বললেন: ‘আস্সালামু আলাইকুম’। তারা জবাবে বললেন: ‘আস্সালামু ‘আলাইকা ওয়া রাহমাতুল্লাহ’। তারা তাঁর জবাবে ‘ওয়া রাহমাতুল্লাহ’ বাক্যটি বাড়িয়ে
বললেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটির অর্থ: “আল্লাহ আদম আলাইহিস সালামকে সৃষ্টি করার পর তাঁকে একদল ফিরিশতাদের কাছে গিয়ে তাদের সালাম দিতে এবং মনোযোগ সহকারে তাদের সালামের জবাব শোনতে নির্দেশ দিলেন। কারণ, তাঁর ও তাদের মধ্যকার আদান প্রদান সম্ভাষণই হবে তাঁর ও তার পরবর্তীতে রাসূলগণের দীনের ওপর প্রতিষ্ঠিত বংশধরের শরীয়ত সম্মত সম্ভাষণ।” তাই তিনি গিয়ে বললেন: ‘আসসালামু আলাইকুম’। তারা জবাবে বললেন: ‘আসসালামু ‘আলাইকা ওয়া রাহমাতুল্লাহ’। তারা তাঁর জবাবে ‘ওয়া রাহমাতুল্লাহ’ বাক্যটি বাড়িয়ে বললেন। পরবর্তীতে এটিই হয়ে গেল শরীয়ত নির্ধারিত সম্ভাষণ ও তার জবাব।

https://sunnah.global/hadeeth/bn/show/3556